# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।
ফোনঃ ০২২২৩৩৮০৮৭৩, ০২২২৩৩৫৬৯৬৬,০২২২৩৩৮৭৮০০,ফ্যাক্সঃ ৯৫৫৮১১৭
Web: www.bsbl.org.bd, e-mail: bdbsbl_bank@yahoo.com


বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

০১। শিরোনাম : **বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর 'কৃষি ঋণ নীতিমালা-২০২২'**

**০২। ঋণ প্রাপ্য সমবায় প্রতিষ্ঠান ও সরাসরি ব্যক্তি/কৃষক** :

**২.১: সমবায় প্রতিষ্ঠান:** বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর সদস্যভূক্ত যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ, সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ, কেন্দ্রীয় আখচাষী সমবায় সমিতি লিঃ, কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ, উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ নিম্নরুপ শর্তাবলী প্রতিপালন করিবে তাহাদেরকে এই ঋণ প্রদান করা হইবে:

২.১.১: যে সকল সমবায় প্রতিষ্ঠানের অনুমোদিত উপ-বিধিতে মেয়াদী ফসলী কৃষি ঋণ কার্যক্রম পরিচালনার বিধান রয়েছে;

২.১.২: যে সকল সমবায় প্রতিষ্ঠানের যাবতীয় সংস্থাপন ব্যয়সহ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে নির্বাহী কর্মকর্তা/ম্যানেজার নিয়োগ করা হইলে তাহার ভ্রমণ ভাতা ও অন্যান্য রাজস্ব ব্যয় নির্বাহ করার নিজস্ব আর্থিক সংগতি আছে;

২.১.৩: যে সকল সমবায় প্রতিষ্ঠানের বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর সহিত সমঝোতা দলিল সম্পাদনে সম্মতি রহিয়াছে/থাকিবে;

**২.২: সরাসরি ব্যক্তি কৃষক:**

২.২.১: যেই সকল ব্যক্তি (পুরুষ/নারী)/প্রকৃত প্রান্তিক কৃষক সরাসরি কৃষি কাজে নিয়োজিত এবং যিনি/যাহারা বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা;

২.২.২: পল্লী অঞ্চলে আয় উৎসারী কর্মকান্ডে জড়িত ব্যক্তি (সফল কৃষক, পুরুষ/নারী উদ্যোক্তা);

২.২.৩: কৃষি উপকরণ কার্ডপ্রাপ্ত কৃষকদেরকে অগ্রাধীকার দেওয়া হইবে। তবে কৃষি উপকরণ কার্ড না থাকিলে স্থানীয় ইউপি চেয়ারম্যান/ স্থানীয় প্রতিনিধির/ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ব্যক্তির নিকট হইতে প্রত্যয়নপত্রের মাধ্যমে সনাক্তকৃত প্রকৃত কৃষক (পুরুষ/নারী);

২.২.৪: কৃষি উপকরণ সহায়তা কার্ডের বিপরীতে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর প্রধান কার্যালয় অথবা বিভাগীয় আঞ্চলিক কার্যালয়ে নিজ নামীয় একাউন্টধারী/ পাশ বই গ্রহণকারী ব্যক্তি/কৃষক(পুরুষ/নারী) ।

**০৩। ঋণের উদ্দেশ্য (সমবায় প্রতিষ্ঠান ও সরাসরি ব্যক্তি উভয় ক্ষেত্রে)** :

৩.১: কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে **পরিশিষ্ট-'ক'** অনুযায়ী- সকল প্রকার ফসল, শাক-সবজি ও ফলমুল উৎপাদন;

৩.২: প্রাণী সম্পদ উন্নয়ণ তথা-সেচ/কৃষি যন্ত্রপাতি ক্রয়, গরু মোটা-তাজা করণ, গাভী পালন/ দুগ্ধ খামার, হাঁস/মুরগি পালন, ছাগল/ভেড়া পালন, মৎস্য চাষ (পুকুরে/ খামার পদ্ধতিতে);

৩.৩: নার্সারী ও উদ্যান ভিত্তিক ফসল, বন্ধকী কৃষি জমি খালাস, হালের গরু/মহিষ ক্রয় ও কৃষি ভূমির উন্নয়ন, আয় উৎপাদন কর্মকান্ডে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে সমবায় সমিতি সমূহের মাধ্যমে সমবায়ী প্রান্তিক কৃষকগণকে ঋণ সরবরাহ করা।

**০৪। ঋণের মেয়াদ, খাত/মৌসুম অনুযায়ী ঋণ গ্রহণ, বিতরণ ও পরিশোধের সময়সীমা** :

**৪.১: স্বল্প মেয়াদী ঋণ:** **ঋণেরমেয়াদ- ০১(এক) বছর।**

| ঋণের প্রকার (শস্য/ফসল) | ঋণ গ্রহণের সময়-সীমা | কৃষক পর্যায়ে ঋণ বিতরণের সময়-সীমা | ঋণ পরিশোধের সময়-সীমা | কিস্তির সংখ্যা ও পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|---|
| (ক) রোপা আমন ঋণ | ১ লা আগষ্ট হইতে ১৫ অক্টোবর পর্যন্ত | ৩১ অক্টোবরের মধ্যে | ৩১ জুলাই পর্যন্ত | ঋণ গ্রহণের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের মধ্যে মোট ০২টি কিস্তিতে আসল ও মুনাফাসহ সমুদয় অর্থ পরিশোধ করিতে হইবে। তবে আংশিক পরিশোধের ক্ষেত্রে প্রথমে সম্পূর্ণ মুনাফা ও পরে আসল পরিশোধ করিতে হইবে। |
| (খ) গম/ রবিশস্য/ভূট্টা/ শীতকালীন শাক-সবজি | ১ লা সেপ্টেম্বর হইতে ১৫ নভেম্বর পর্যন্ত | ৩০ নভেম্বরের মধ্যে | ৩১ আগষ্ট পর্যন্ত | |
| (গ) ইরি/ বোরো ঋণ | ১লা নভেম্বর হইতে ১৫ জানুয়ারী পর্যন্ত | ৩১ জানুয়ারী মধ্যে | ৩১ অক্টোবর পর্যন্ত | |
| (ঘ) আউশ, বোনা আমন, পাট ও গ্রীষ্মকালীন শাক-সবজি | ১ লা ফেব্রুয়ারী হইতে ১৫ এপ্রিল পর্যন্ত | ৩০ এপ্রিলের মধ্যে | ৩১ জানুয়ারী পর্যন্ত | |

**৪.২: মধ্যম মেয়াদী ঋণ:** **ঋণের মেয়াদ- ০২(দুই) বছর।**

৪.২.১: ১লা জুলাই হইতে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে এই ঋণ গ্রহণ করিতে পারিবে;

৪.২.২: ঋণ গ্রহণের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের মধ্যে মোট ০৪টি কিস্তিতে আসল ও মুনাফাসহ সমুদয় পাওনা পরিশোধ করিতে হইবে;

৪.২.৩: আংশিক পরিশোধের ক্ষেত্রে আনুপাতিকহারে প্রথমে মুনাফা এবং পরে আসল পরিশোধ করিতে হইবে;

**৪.৩: বি:দ্র:-** সকল ক্ষেত্রে ঋণ পরিশোধের জন্য নির্দিষ্ট মেয়াদের পর সর্বোচ্চ ০২(দুই) মাস গ্রেস পিরিয়ড হিসাবে বিবেচনা করা হইবে।

**৫। মুনাফার হার :** **কৃষি ঋণের মুনাফার হার= ৯%।**

**৫.১: সমবায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

৫.১.১: বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ, কেন্দ্রীয় আখচাষী সমবায় সমিতি লিঃ, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ, কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ ও সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর অনুকূলে মুনাফার হার- ৯%;

৫.১.২: কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ ও অন্যান্য কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ সমূহ হইতে প্রাথমিক সমিতির অনুকূলে মুনাফার হার - ১২%;

৫.১.৩: প্রাথমিক সমবায় সমিতি হইতে প্রান্তিক কৃষক পর্যায়ে মুনাফার হার- ১৩%;

৫.১.৪: সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ (এলডিবি) হইতে প্রান্তিক কৃষক পর্যায়ে মুনাফার হার- ১২%;

**৫.২: সরাসরি ব্যক্তি পর্যায়ে:**

৫.২.১: বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে সরাসরি প্রান্তিক কৃষক (নারী/পুরুষ) পর্যায়ে কৃষি ঋণের মুনাফার হার- ৯%।

**৬। রিবেট/উৎসাহ পুরষ্কার প্রদান:** :

৬.১: নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণের কিস্তি ও সমুদয় অর্থ পরিশোধ করিলে আরোপিত প্রত্যেক স্তরের মুনাফা হইতে সকলকে (ঋণ গ্রহিতা ব্যক্তি/সমবায় সমিতি) ১% হারে রিবেট (Rebate) প্রদান করা হইবে।

৬.২: সন্তোষজনক ঋণ পরিশোধের জন্য উৎসাহব্যঞ্জক পুরস্কার প্রদান করা হইবে।

**৭। ঋণ প্রাপ্তির যোগ্যতা :**

**৭.১: সমবায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

৭.১.১: যে সকল প্রতিষ্ঠানের নিকট বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর পুনঃতফসীলকৃত কৃষি ঋণের আসল টাকা পাওনা রহিয়াছে তাহারা উক্ত পাওনা অর্থের ন্যূনতম ২৫% অর্থ পরিশোধ করিলে নতুন ঋণ প্রাপ্তির যোগ্য হইবে;

**৭.১.২:** যে সকল প্রতিষ্ঠানের নিকট বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নিজস্ব তহবিল কৃষি ঋণের খেলাপী পাওনা রহিয়াছে তাহারা উক্ত খেলাপী ঋণের ন্যূনতম ৫০% পরিশোধ করিলে এবং অবশিষ্ট ৫০% পর্যায়ক্রমে কিস্তি আকারে পরিশোধ করার অঙ্গীকার করিলে তাহারা নতুন ঋণ প্রাপ্তির যোগ্য হইবে;

**৭.২: সরাসরি ব্যক্তি পর্যায়ে:**

**৭.২.১:** কৃষি কাজে সরাসরি নিয়োজিত প্রকৃত কৃষকগণ (পুরুষ/নারী) কৃষি ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হইবেন;

**৭.২.২:** পল্লী অঞ্চলে আয় উৎসারী কর্মকান্ডে জড়িত ব্যক্তি (পুরুষ/নারী);

৭.২.৩: একক/উত্তরাধিকারসুত্রে প্রাপ্ত চাষযোগ্য ন্যূনতম ০১(এক) বিঘা ও সর্বোচ্চ ০৪(চার) একর জমি/সম্পত্তি রহিয়াছে এমন ব্যক্তি/কৃষক (পুরুষ/নারী)।

৭.২.৪: অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/সমবায় প্রতিষ্ঠানে একই প্রকার ঋণ খেলাপী নয় এমন ব্যক্তি/কৃষক (পুরুষ/নারী)।

৮। ঋণের জামানত :

**৮.১: সমবায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

৮.১.১: ঋণের জামানত হিসাবে প্রত্যেক ঋণ গ্রহীতা সকল কেন্দ্রীয় সবায় ব্যাংক, কেন্দ্রীয় আখচাষী সমবায় সমিতি, কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি ও কেন্দ্রীয় উপজেলা সমবায় এ্যাসোসিয়েশন লিঃ যথারীতি তাহাদের নিজস্ব ভূমি (স্থাবর সম্পত্তি)/ ইমারত (যদি থাকে) বাংলাদেশ সমবায় ব্যাংকের অনুকূলে রেজিষ্ট্রি মর্টগেজ/ বন্ধক রাখিবে (যদি পূর্বে বন্ধক না থাকে)। এই ক্ষেত্রে মঞ্জুরীকৃত ঋণের পরিমাণ বন্ধকী সম্পত্তির বাজারমূল্যের ৫০% এর অধিক হইবে না। অধিকন্তু, ঋণ গ্রহীতা চাষী সদস্যগণের ঋণের দ্বিগুণ সমপরিমাণ মূল্যের জমি সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমবায় সমিতির অনুকূলে বন্ধক রাখিতে হইবে;

৮.১.২: ঋণের জামানত হিসাবে প্রত্যেক ঋণ গ্রহীতা সকল সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কর্তৃক প্রান্তিক কৃষকের রেজিষ্ট্রি মর্টগেজ/বন্ধকীকৃত ভূ-সম্পত্তি বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর অনুকূলে রেজেষ্ট্রার্ড পুনঃবন্ধক রাখিবে। উল্লেখ্য, সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কর্তৃক ঋণ বিতরণের প্রাক্কালে ঋণের জামানত হিসাবে ঋণ গ্রহিতা কৃষকের ভূ-সম্পত্তি (চাষযোগ্য নাল জমি) সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর অনুকূলে রেজিষ্ট্রি মর্টগেজ/বন্ধক গ্রহণ করিতে হইবে। বন্ধকী দলিলে উল্লেখ থাকিবে যে, বন্ধকী দলিল বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর অনুকূলে রেজিষ্টার্ড পুনঃবন্ধক রাখিলে বন্ধক দাতার কোন আপত্তি থাকিবে না; এবং আরও উল্লেখ থাকিবে যে, সমবায় ভূমি উন্নয়ণ ব্যাংক লিঃ ঋণ নীতামালা অনুযায়ী যথাসময়ে গৃহীত ঋণের টাকা পরিশোধে ব্যর্থ হইলে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ সরাসরি উক্ত পুনঃবন্ধকীকৃত দলিলে বর্ণিত সম্পত্তি বিক্রয় করিয়া পাওনা ঋণের টাকা আদায় করিলে রেজিষ্টার্ড বন্ধক দলিল দাতার (প্রান্তিক কৃষক) কোন আপত্তি থাকিবে না। এই ক্ষেত্রে মঞ্জুরীকৃত ঋণের পরিমান বন্ধকযোগ্য জমির বাজার মূল্যের (স্থানীয় সাব-রেজিষ্ট্রি অফিসের তালিকা অনুযায়ী) ৫০% এর অধিক হইবে না;

৮.১.৩: ঋণের অতিরিক্ত জামানত হিসাবে খাতক সদস্যের নিকট-আত্মীয় কিংবা এলাকার গণ্যমান্য/আর্থিকভাবে স্বচ্ছল ব্যক্তির নিকট হইতে ষ্ট্যাম্পে ব্যক্তি জামানত গ্রহণ করিতে হইবে এবং খাতক সদস্যের হলফনামা গ্রহণ করিতে হইবে। সম্পত্তির সকল কাগজপত্র/অনাপত্তিপত্র স্থানীয় কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত হইতে হইবে;

৮.১.৪. ঋণ মঞ্জুর হওয়ার পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে অনাপত্তিপত্র ও কৃষকের সম্পত্তির তফসীল এবং যে সকল সদস্যের নামে যে পরিমাণ ঋণ মঞ্জুর করা হইয়াছে তা সংশ্লিষ্ট সমবায় প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহণ করিয়া উক্ত সিদ্ধান্ত (তালিকাসহ) জেলা সমবায় অফিসার / বিভাগীয় আঞ্চলিক কার্যালয় কর্তৃক সত্যায়িত করিয়া বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এ দাখিল করিতে হইবে।

অতঃপর ৭.১.১ ও ৭.১.২ অনুচ্ছেদের আলোকে ঋণ প্রাপ্তির যোগ্যতা অর্জন করিলে ১৫ (পনেরো) দিনের মধ্যে সম্পত্তি বন্ধক কার্যক্রম সম্পন্ন করিয়া মঞ্জুরীকৃত ঋণ গ্রহণ ও বিতরণ সম্পন্ন করিতে হইবে। ঋণ বিতরণ সম্পন্ন হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে রেজিষ্ট্রার্ড পুনঃবন্ধক কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;

৮.১.৫: এই রেজিষ্ট্রার্ড মর্টগেজ ১০ (দশ) বৎসর বলবৎ থাকিবে এবং পরবর্তীতে (১০ বৎসরের মধ্যে) ঋণ প্রদানের ক্ষেত্রে নতুন রেজিষ্ট্রার্ড মর্টেগেজ গ্রহণের প্রয়োজন হইবে না। যেহেতু সমিতি/গ্রুপ ভিত্তিতে এই ঋণ বিতরণ করা হইবে সেহেতু প্রাথমিক সমবায় সমিতির সভাপতি/সম্পাদক ঋণের টাকা আদায় ও পরিশোধের ব্যাপারে 'অঙ্গীকারনামা' প্রদান করিবে।

**৮.২: সরাসরি ব্যক্তির ক্ষেত্রে:**

৮.২.১. ঋণের জন্য আবেদনকারী কৃষকের সম্পত্তির তফসীল ও অনাপত্তিপত্র বিভাগীয় আঞ্চলিক কার্যালয় প্রধান/ জেলা কার্যালয় প্রধান (সহকারী মহাব্যবস্থাপক পদের নিচে নহে) কর্তৃক সত্যায়িত করিয়া বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এ দাখিল করিতে হইবে;

৮.২.২: ঋণের জামানত হিসাবে ঋণ গ্রহিতা কৃষকের ভূ-সম্পত্তি (চাষযোগ্য নাল জমি) বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ/বিভাগীয় আঞ্চলিক কার্যালয়/সংশ্লিষ্ট জেলা/উপজেলা কার্যালয়ের অনুকূলে 'ফি-মুক্ত' রেজিষ্ট্রি মর্টগেজ/বন্ধক প্রদান করিতে হইবে; এই ক্ষেত্রে মঞ্জুরীকৃত ঋণের পরিমান বন্ধকযোগ্য জমির বাজার মূল্যের (স্থানীয় সাব-রেজিষ্ট্রি অফিসের তালিকা অনুযায়ী) শতকরা ৫০% এর অধিক হইবে না;

৮.২.৩: ঋণের অতিরিক্ত জামানত হিসাবে খাতক সদস্যগণেরর নিকট-আত্মীয় কিংবা এলাকার গণ্যমান্য ব্যক্তি/আর্থিকভাবে স্বচ্ছল ব্যক্তি কর্তৃক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ব্যক্তি জামানত প্রদান করিতে হইবে এবং খাতক সদস্যের হলফনামা প্রদান করিতে হইবে। সম্পত্তির সকল কাগজপত্র/অনাপত্তিপত্র সত্যায়িত হইতে হইবে;

৮.২.৪: ঋণ গ্রহীতার নিজ নামীয় M.I.C.R চেকের (স্বাক্ষরিত) পাতা জমা প্রদান করিতে হইবে।

**৯। ঋণ প্রাপ্তির অযোগ্য** :

**৯.১: সমবায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

৯.১.১: ইতোপূর্বে কোন ঋণ শর্ত/অঙ্গীকার ভঙ্গ করিয়া থাকিলে;

৯.১.২: মাঠ পর্যায় হইতে ঋণের আদায়ী টাকা যথাযথভাবে পরিশোধ না করিলে;

৯.১.৩: ঋণ গ্রহীতা সমবায় প্রতিষ্ঠানের কার্যকরী পরিষদের সদস্য/সদস্যগণের নিকট অথবা তাহাদের নিজ পরিবারের সদস্যদের নিকট খেলাপী ঋণ পাওনা থাকিলে;

**৯.২: সরাসরি ব্যক্তির ক্ষেত্রে:**

**৯.২.১:** যিনি অন্য কোন প্রতিষ্ঠান হইতে একই উদ্দেশ্যে ঋণ গ্রহণ করিয়াছেন;

৯.২.২: যিনি একান্নবর্তী পরিবারের একাধিক/নির্ভরশীল সদস্য;

৯.২.৩: যাহার উৎপাদন পরিকল্পনা ও আয়-ব্যয় এর হিসাব দৃষ্টে ঋণ পরিশোধের যথেষ্ট সম্ভাবনা পরিলক্ষিত হয় না;

৯.২.৪: যাহার নিকট হইতে অতীতে ঋণ আদায় করিতে আইনানুগ ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হইয়াছে;

**১০। সমবায় প্রতিষ্ঠান/ কৃষক সদস্যের যোগ্যতা ও ঋণের আবেদন দাখিল** :

**১০.১: সমবায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

১০.১.১: যেই সকল সমবায় প্রতিষ্ঠান কিংবা ব্যক্তির নিকট কোন প্রকার ঋণ খেলাপী বকেয়া নাই কিংবা হাল আদায়যোগ্য ঋণের আসল, মুনাফা ও দন্ডমুনাফা পাওনা নাই কেবলমাত্র তাহারাই এই ঋণ পাওয়ার যোগ্য হইবে;

১০.১.২: ঋণ গ্রহণের কমপক্ষে ০১(এক) মাস পূর্বে মৌসুম অনুযায়ী বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নির্ধারিত ফরমে মহাব্যবস্থাপক ও প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর আবেদন দাখিল করিতে হইবে;

১০.১.৩: সমবায় প্রতিষ্ঠান (সিবি/এলডিবি/ইক্ষুচাষী/ইউসিসিএ/সিসিএমপিএস) এর ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সভাপতি কর্তৃক ঋণের আবেদন দাখিল করিতে হইবে এবং আবেদনপত্র আঞ্চলিক প্রধান/ম্যানেজার/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে;

১০.১.৪: আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে:

(ক) হালনাগাদ অডিট রিপোর্ট ও বিগত ০৫(পাঁচ) অর্থবছরে ঋণ দাদন, আদায় ও পরিশোধের ফিরিস্তি;

(খ) ব্যবস্থাপনা কমিটির সর্বশেষ নির্বাচনের তারিখ ও মেয়াদকাল;

(গ) ঋণ গ্রহণের ক্ষেত্রে বার্ষিক সাধারন সভা ও ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত;

(ঘ) সমিতির ক্ষমতাপ্রাপ্ত পরিচালকগণের নাম, পদবী, ঠিকানা, জাতীয়পরিচয়পত্র, মোবাইল নাম্বার, নমুনা স্বাক্ষর ও প্রোনোট;

(ঙ) ঋণ গ্রহণে ইচ্ছুক যাচাইকৃত কৃষক সদস্যের তালিকা (সংযুক্ত ছক মোতাবেক);

(চ) সমিতির ক্ষমতাপ্রাপ্ত পরিচালকগণ কর্তৃক ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ঋণ পরিশোধের অঙ্গীকারনামা;

(ছ) ঋণ প্রাপ্তির যোগ্যতা অর্জনের জন্য নীতিমালার ৭নং শর্তানুযায়ী বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর পাওনা নিজস্ব তহবিল খেলাপী ঋণের ৫০% ও পুনঃতফসীল ঋণের ২৫% অর্থ পরিশোধ করতে হইবে;

(জ) সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর ক্ষেত্রে- ঋণ নীতিমালার ৮ নং শর্তের ৮.১.২ অনুচ্ছেদ অনুযায়ী ঋণ গ্রহিতার বন্ধকী দলিল বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এ পুনঃবন্ধক রাখিলে ও যথাসময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হইলে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ উক্ত পুনঃবন্ধকী দলিলে বর্ণিত সম্পত্তি বিক্রয় করিয়া ঋণের টাকা আদায় করিলে বন্ধক দলিল দাতার কোন আপত্তি থাকিবেনা মর্মে অনাপত্তি পত্র;

১১। ঋণের সর্বোচ্চ সীমা :

**১১.১: সমবায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

১১.১.১: সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৭৪(১) বিধি অনুযায়ী বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিশোধিত শেয়ার মূলধনের সর্বোচ্চ ৪০ (চল্লিশ) গুন পরিমাণ হিসাবে ঋণ প্রাপ্য হইবে;

১১.১.২: এইক্ষেত্রে ঋণের পরিমাণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জামানতকৃত/বন্ধকীকৃত সম্পত্তির মূল্যের সর্বোচ্চ ৫০% এর বেশি হইবেনা;

১১.১.৩: ঋণ গ্রহণের সর্বোচ্চ সীমা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সভা ও বার্ষিক সাধারন সভায় অনুমোদিত হইতে হইবে এবং জেলা সমবায় কর্মকর্তা কর্তৃক সুপারিশ/সত্যায়িত করিতে হইবে;

**১১.২: সরাসরি ব্যক্তির ক্ষেত্রে:**

১১.২.১: স্বল্প মেয়াদী (০১ বছর মেয়াদী) ঋণের ক্ষেত্রে এই ঋণ বাবদ একজন ব্যক্তি/কৃষক প্রয়োজনীয় জামানত প্রদান সাপেক্ষে বিঘা প্রতি ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা হইতে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত ঋণ প্রাপ্য হইবে (পরিশিষ্ট-'ক' এ বর্ণিত ফসলের খাত অনুযায়ী);

১১.২.২: মধ্যম মেয়াদী (০২ বছর মেয়াদী) ঋণের ক্ষেত্রে একজন ব্যক্তি প্রয়োজনীয় তথ্য উপস্থাপন ও জামানত প্রদান সাপেক্ষে নিম্নরুপ ঋণ প্রাপ্য হইবে (পরিশিষ্ট-'ক' এ বর্ণিত ফসলের খাত অনুযায়ী):-

(ক) সেচ/কৃষি যন্ত্রপাতি ক্রয়- ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।
(খ) প্রাণী সম্পদ উন্নয়ণ- ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
(গ) নার্সারি ও উদ্যানভিত্তিক ফসল-১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।
(ঘ) মৎস্য চাষ/ মৎস্য সম্পদ উন্নয়ণ- ১,০০,০০০/- হতে ২,০০,০০০/-টাকা পর্যন্ত।

১২। ঋণ বরাদ্দ :

**১২.১: সমবায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে:**

১২.১.১: ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট সমবায় প্রতিষ্ঠানে ম্যানেজার/নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োজিত বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর কর্মকর্তা কর্তৃক ঐ প্রতিষ্ঠানের ও উহার সদস্য কৃষকের আবেদনকৃত ঋণের চাহিদার সঠিকতা, সমিতি/সদস্যের ঋণ পরিশোধ করার ক্ষমতা ও ঋণের জামানত হিসাবে বন্ধকের জন্য প্রস্তাবিত জমি/সম্পত্তির সঠিক মালিকানা সম্পর্কে সরেজমিনে যাচাই করিতে হইবে;

১২.১.২: যাচাইকৃত ঋণের আবেদন ও ঋণের জামানতের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সমবায় প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক সিদ্ধান্তের অনুলিপি জেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত করার পর কৃষক সদস্যের অনুকূলে এই ঋণ বরাদ্দ করিবে;

১২.১.৩: এই ক্ষেত্রে বরাদ্দকৃত ঋণের পরিমাণ কোনক্রমেই সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সদস্যদের জমাকৃত শেয়ার মূলধনের ৪০ গুনের অধিক হইবে না এবং জামানতকৃত জমি/সম্পত্তির মূল্যের অর্ধেকের বেশি হইবেনা;

**১২.২: সরাসরি ব্যক্তির ক্ষেত্রে:**

১২.২.১: ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট বিভাগীয় আঞ্চলিক কার্যালয়/জেলা ও উপজেলা কার্যালয়ে নিয়োজিত বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর কর্মকর্তা কর্তৃক ঐ এলাকার প্রকৃত প্রান্তিক ব্যক্তি কৃষকের আবেদনকৃত ঋণের চাহিদার সঠিকতা, ঋণ পরিশোধ করার ক্ষমতা ও ঋণের জামানত হিসাবে বন্ধকের জন্য প্রস্তাবিত জমি/সম্পত্তির সঠিক মালিকানা সম্পর্কে সরেজমিনে যাঁচাই করিতে হইবে;

১২.২.২: যাচাঁইকৃত ঋণের আবেদন ও ঋণের জামানতের বিষয়ে বিভাগীয় আঞ্চলিক কাযালয় প্রধান/ব্যাংক কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্মকর্তা কর্তৃক সত্যতা নিরূপনপূর্বক সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক এই ঋণ বরাদ্দ করিবে;

১২.২.৩: এই ক্ষেত্রে বরাদ্দকৃত ঋণের পরিমাণ কোনক্রমেই কৃষকের জামানতকৃত জমি/সম্পত্তির মূল্যের অর্ধেকের বেশি হইবেনা;

**১৩। ঋণের টাকা বিলি-বিতরণ** : এই ঋণ বিতরণ/বন্টন ব্যবস্থাপনার সকল প্রক্রিয়ায় সমবায় আইন ও বিধি বিধান, কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ কেন্দ্রীয় সমবায় সমিতি/ এলডিবি'র উপ-বিধি ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নির্দেশাবলী পুংখানুপুঙ্খরূপে প্রতিপালন করিতে হইবে। মাঠ পর্যায়ে প্রকৃত কৃষকগণের নিকট ঋণ বিতরণের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে **নিম্নলিখিত শর্তসমূহ অবশ্যই প্রতিপালন করিতে হইবেঃ**

(ক) ঋণ গ্রহীতা কৃষকের নামে স্থানীয় যেই কোন তফসিলী ব্যাংকে একটি ব্যাংক হিসাব খুলিতে হইবে। ঋণের টাকা নগদে প্রদানের পরিবর্তে MICR চেক জমা প্রদান নিশ্চিত করিতে হইবে;

(খ) ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ গ্রহীতা কৃষকের সদস্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (স্থানীয় ইউপি চেয়ারম্যান/ কাউন্সিলর কর্তৃক সত্যায়িত) সংগ্রহ নিশ্চিত করিতে হইবে;

(গ) ঋণ প্রার্থী প্রকৃত পক্ষে একজন কৃষক- এই মর্মে কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/ সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারের মূল্যায়ণ মন্তব্য/সার্টিফিকেট থাকিতে হইবে ; এবং

(ঘ) ঋণ বিতরণ কার্যক্রমের সঠিকতা যাচাইয়ের জন্য বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নিযুক্ত কর্মকর্তা/ব্যবস্থাপনা কমিটির সদস্য কর্তৃক তদন্ত করা যাইবে।

**১৪। সরেজমিনে তদন্ত** : সকল ক্ষেত্রেই ঋণ প্রদানের পূর্বে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ কেন্দ্রীয় সমবায় সমিতি/ এলডিবিতে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হতে নিয়োজিত কর্মকর্তা (নির্বাহী কর্মকর্তা/ম্যানেজার) কর্তৃক প্রাথমিক সমিতির সদস্যের এবং প্রকৃত প্রান্তিক কৃষকের ঋণ চাহিদার সঠিকতা, কৃষক/সদস্য সমিতির ঋণ পরিশোধের ক্ষমতা ও ঋণের জামানত হিসাবে বন্ধকের জন্য প্রস্তাবিত জমির মালিকানার সঠিকতা সম্পর্কে সরেজমিনে তদন্ত/যাচাই করিতে হইবে।

**১৫। জমির পরিমান** : একজন কৃষক সদস্যকে তাহার উৎপাদন পরিকল্পনার ভিত্তিতে সর্বোচ্চ ০৪(চার) একর ও সর্বনিম্ন ১ (এক) বিঘা জমিতে ফসল আবাদের জন্য এই ঋণ প্রদান করা যাইবে।

**১৬। ঋণ বিতরণ বিবরণী এবং বিতরণ সার্টিফিকেট** :

১৬.১: নির্ধারিত সময়-সীমা অতিক্রান্ত কিংবা ঋণ বিতরণ সম্পন্ন এই দুই এর মধ্যে যাহা আগে হইবে তাহা হইতে ৭(সাত) দিনের মধ্যে নির্ধারিত ছকে **বিতরণ বিবরণী** এবং ১৫(পনের) দিনের মধ্যে যথাযথ ফরমে **''বিতরণ সার্টিফিকেট''** ম্যানেজার/নির্বাহী কর্মকর্তা কর্তৃক বাংলাদেশ সমবায় ব্যাংকে দাখিল করিতে হইবে।

১৬.২: বিতরণ বিবরনী/বিতরণ সার্টিফিকেট ইহার যে কোন একটি দাখিলে ব্যর্থতায় ঋণ বিতরণ হয় নাই বলিয়া পরিগণিত হইবে এবং উক্ত ঋণের টাকা (আংশিক কিংবা সম্পূর্ণ) তলব করা হইলে তাহা সঙ্গে সঙ্গে ১০% হারে মুনাফাসহ বাংলাদেশ সমবায় ব্যাংকে ফেরত দিতে বাধ্য থাকিবে।

**১৭। ঋণ মঞ্জুরের সীমাবদ্ধতা** :

১৭.১: এই ঋণ গ্রহণের প্রশ্নে সমবায় সমিতি বিধিমালা-২০০৪ এর ৭৪(১) বিধি মোতাবেক কোন সমবায় সমিতির সদস্যদের দায় তাহাদের শেয়ার দ্বারা সীমিত হইলে উক্ত সমিতির কোন সদস্যকে তাহার পরিশোধিত শেয়ার মূলধনের ৪০(চল্লিশ) গুণের অধিক পরিমাণ অর্থ ঋণ হিসাবে প্রদান করা যাইবে না;

১৭.২: ব্যক্তি সদস্যদের ক্ষেত্রে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এ ঋণের জন্য জামানত হিসাবে বন্ধকীকৃত সম্পত্তির বাজারমূল্যের সর্বোচ্চ শতকরা ৫০ ভাগ অর্থ ঋণ হিসাবে প্রদান করা যাইবে। অর্থাৎ মঞ্জুরীকৃত ঋণের পরিমান জামানকৃত সম্পত্তির মূল্যের অর্ধেকের বেশি হইবে না;

**১৮। স্থায়ী আমানত** :

১৮.১: **সমবায় প্রতিষ্ঠানের ক্ষেত্রে**- সমবায় আন্দোলনের মাধ্যমে সকল পর্যায়ে পুঁজি গঠনের লক্ষ্যে আমানত বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ সমবায় সমিতি/ এলডিবি সর্বাত্মক প্রচেষ্টা চালাইবে। কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ কেন্দ্রীয় সমবায় সমিতি /এলডিবি'র সংগৃহীত আমানতের ৮০% বাংলাদেশ সমবায় ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে গচ্ছিত রাখিতে হইবে। এই আমানতের উপর প্রচলিত হারে নিয়মিত মুনাফা প্রদান করা হইবে;

**১৯। ঋণ আদায়** :

১৯.১: কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ কেন্দ্রীয় সমবায় সমিতি/সমবায় ভূমি উন্নয়ণ ব্যাংক লিঃ ঋণ নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়-সীমার মধ্যে আসল ও মুনাফাসহ ঋণের সমুদয় অর্থ আদায় নিশ্চিত করিতে হইবে;

১৯.২: ব্যক্তি সদস্যের নিকট হইতে এই ঋণ আদায় কালে প্রথমে হিসাবকৃত মুনাফা এবং পরে আসল আদায় করিতে হইবে। কোনক্রমেই মুনাফা অনাদায়ী রাখিয়া আসল ওয়াশিল করা যাইবে না। এই প্রসঙ্গে সমবায় অধিদপ্তরের ০৭-০৭-৮৫ ইং তারিখের ২০/৬৫-১৬৭৯ (ঋণ) নং সার্কুলার অনুসরণযোগ্য।

**২০। ঋণ পরিশোধ** :

২০.১: কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ কেন্দ্রীয় সমবায় সমিতি/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ ঋণের টাকা আদায় হওয়ার সঙ্গে সঙ্গে আনুপাতিক হারে মুনাফাসহ তাহা সংশ্লিষ্ট ঋণ খাতে বাংলাদেশ সমবায় ব্যাংকে পরিশোধ করিবে। আসল টাকার সহিত আনুপাতিক হারে মুনাফা প্রেরিত না হইলে বাংলাদেশ সমবায় ব্যাংক উক্ত টাকা ওয়াশীল/সমন্বয় করার সময় আনুপাতিক হারে মুনাফা আদায়পূর্বক বাকী টাকা আসল খাতে ওয়াশীল/সমন্বয় করিতে পারিবে। কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ সমবায় সমিতি/ এলডিবির কার্যকরী পরিষদ এই বাবদে একটি অঙ্গীকারপত্র দাখিল করিতে হইবে।

২০.২: কেন্দ্রীয় সমবায় ব্যাংক/কেন্দ্রীয় সমবায় সমিতি/ সমবায় ভূমি উন্নয়ণ ব্যাংক/সরাসরি প্রান্তিক কৃষকের নিকট হইতে এই ঋণের আদায়ী টাকা বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিবে এবং যেসকল সমবায় প্রতিষ্ঠান/কৃষক সদস্য/প্রান্তিক কৃষকের নিকট হইতে টাকা আদায় করা হইয়াছে তাহার বিস্তারিত তালিকাসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করিতে হইবে।

**২১। হিসাব সংরক্ষণ** :

২১.১: সংশ্লিষ্ট সমবায় প্রতিষ্ঠানকে ঋণ গ্রহণ, বিতরণ, আদায় এবং পরিশোধের হিসাব পৃথক পৃথক ভাবে তাহাদের নিজস্ব লেজারবহিতে সংরক্ষণ করিতে হইবে। এই ঋণের আদায়ী কোন টাকা অন্য কোন ঋণ খাতে কিংবা অন্য কোন ঋণের আদায়ী টাকা এই ঋণ খাতে পরিশোধ করা যাইবে না:

২১.২: ব্যক্তি পর্যায়ে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নিয়োজিত কর্মকর্তাগন সংশ্লিষ্ট ঋণের বিস্তারিত তথ্য/হিসাব বিবরনী (ঋণ গ্রহণ, বিতরণ, আদায় ও পরিশোধ, বকেয়া) সংরক্ষন করিবে। ঐ এলাকার আওতাধীন ব্যাংকের আঞ্চলিক কার্যালয় প্রধান কর্তৃক বিবরনী সত্যায়িত করিয়া বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ-এ দাখিল করিতে হইবে।

**২২। পাশ বহি** :

সমবায় প্রতিষ্ঠান এবং সরাসরি ব্যক্তি উভয় পর্যায়ে প্রত্যেক ঋণ গ্রহীতা সদস্যকে পাশ বহি সরবরাহ করিতে হইবে। পাশ বহিতে এই ঋণের লেনদেন সহ অন্যান্য লেনদেন যথাযথভাবে লিপিবদ্ধ করিতে হইবে। এই ঋণসহ অন্য সকল প্রকার লেনদেন পাশ বহিতে যথাসময়ে লিপিবদ্ধ করিতে হইবে এবং তাহা কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ সমিতি/ এলডিবি'র ম্যানেজার/নির্বাহী কর্মকর্তা/বিএসবিএল এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে।

**২৩। ঋণ বিতরণের সঠিকতা যাচাই** :

প্রয়োজনবোধে/ক্ষেত্র বিশেষে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ কর্তৃক কার্যকরী পরিষদের সদস্য/অফিসার প্রেরণ করিয়া সমবায় কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি/সদস্য পর্যায়ে ঋণ বিতরণের সঠিকতা যাচাই করা হইবে। উহাতে কোন অনিয়ম কিংবা শর্ত ভংগের দৃষ্টান্ত পরিলক্ষিত হইলে সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ সমিতি/ এলডিবি'র নিকট হইতে উক্ত ঋণ আংশিক কিংবা সম্পূর্ণ তলব করা যাইবে এবং তাহা ১০% মুনাফাসহ ঋণের টাকা কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/ এলডিবি ফেরত দিতে বাধ্য থাকিবে।

**২৪। তথ্য সরবরাহ** :

বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সমবায় ব্যাংকে দাখিলযোগ্য সকল সাময়িক (যথা-মাসিক/ ত্রৈমাসিক/ ষান্মাসিক/বাৎসরিক) বিবরণপত্রাদি এবং সময় সময় যে সকল ফিরিস্তি/তথ্যাদি চাওয়া হয় তাহা নির্ধারিত/নির্দেশিত সময়ের মধ্যে দাখিল করিতে হইবে। ইহাতে ব্যর্থ হইলে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি পরবর্তীতে ঋণ প্রাপ্তির অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

**২৫। অঙ্গীকারপত্র** : বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে এই ঋণ গ্রহণের প্রাক্কালে সংশ্লিষ্ট সমবায় কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র কর্তৃপক্ষ এই মর্মে একটি অংগীকারনামা দাখিল করিবেন যে, ''অত্র ঋণের শর্তাবলী মানিয়া নিয়া শর্তানুযায়ী ঋণের টাকা বিলি/বিতরণ করা হইবে। শর্ত বহির্ভূতভাবে এই ঋণের কোন টাকা বিতরণ করা হইবে না। নির্ধারিত সময়-সীমা অনুযায়ী এই ঋণের আসল ও মুনাফাসহ সমুদয় অর্থ পরিশোধ নিশ্চিত করা হইবে। এই ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ যে শর্ত আরোপ করিবে তাহাও মানিয়া নিতে বাধ্য থাকিব''।

**২৬। ঋণ আদায়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ/মামলা দায়ের/ জামানতকৃত সম্পত্তি বিক্রয়** :

২৬.১: কোন সমবায় প্রতিষ্ঠানের নিকট ঋণের বকেয়া পাওনা থাকিলে উহা আদায়ের জন্য সমবায় সমিতি আইন এর ৬২, ৬৩, ৬৪, ও ৬৫ ধারা অনুযায়ী ব্যক্তি সদস্যের বন্ধকীকৃত জমি নোটিশ প্রদানের মাধ্যমে বিক্রয় করিয়া পাওনা টাকা আদায় করা হইবে; অধিকন্তু চেকের বিপরীতে মামলা দায়েরের মাধ্যমেও পাওনা টাকা আদায় করা যাইবে;

২৬.২: কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ কেন্দ্রীয় সমবায় সমিতির বিরুদ্ধে সার্টিফিকেট মামলা/ডিসপুট মামলা দায়েরের মাধ্যমে পাওনা টাকা আদায় করা হইবে;

২৬.৩: সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর বিরুদ্ধে সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক সেইল কেস/ সার্টিফিকেট মামলা দায়েরের মাধ্যমে পাওনা টাকা আদায় করা হইবে;

২৬.৪: ব্যাংকের ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত অন্য যেকোন ব্যবস্থা গ্রহণ/মামলা দায়েরের মাধ্যমে জামানতকৃত সম্পত্তি নিলামে বিক্রয় করিয়া ঋণের বকেয়া টাকা আদায় করিতে পারিবে;

২৬.৫: ঋণ গ্রহীতার জামানতকৃত MICR চেকের বিপরীতে N I Act এর ১৩৮ ধারা অনুযায়ী চেক ডিজঅনার মামলা দায়েরের মাধ্যমে ব্যাংকের পাওনা টাকা আদায় করিতে পারিবে;

**২৭। নীতিমালা পরিবর্তন** : ব্যাংকের ব্যবস্থাপনা কমিটি বার্ষিক সাধারন সভার অনুমোদন সাপেক্ষে যে কোন সময় এই নীতিমালার যেকোন শর্ত সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন-বিয়োজন করিতে পারিবে;

# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর কৃষি ঋণ নীতিমালা-২০২২

পরিশিষ্ট-"ক"

## বার্ষিক কৃষি ও পল্লী ঋণ কর্মসূচিঃ খাত/উপখাত

| ১। স্বল্প মেয়াদি ঋণ | ২। মধ্যম মেয়াদি ঋণ |
|---|---|
| ১.১। ফসলী/শস্য ঋণ:<br>(ক) রোপা আমন ঋণ<br>(খ) ইরি/বোরো ঋণ<br>(গ) রবি ফসল<br>(১) বোরো<br>(২) গম<br>(৩) আলু<br>(৪) আখ<br>(৫) সরিষা/বাদাম<br>(৬) অন্যান্য রবি ফসল (ডাল, শীতকালীন শাক-সবজি ইত্যাদি)।<br>(ঘ) গ্রীষ্মকালীন ফসল<br>১) আউশ/বোনা আমন<br>২) পাট<br>৩) ভুট্টা<br>৪) অন্যান্য গ্রীষ্মকালীন ফসল (তিল, গ্রীষ্মকালীন শাক-সবজি ইত্যাদি)।<br><br>১.২। মৎস্য সম্পদ উন্নয়ন<br>(ক) মৎস্য চাষ<br>(খ) চিংড়ি চাষ<br>(গ) একুয়াকালচার<br>(ঘ) রেণু/পোনা উৎপাদন<br>(ঙ) পুকুর/খামার পদ্ধতিতে মাছ চাষ | ২.১। সেচ/কৃষি যন্ত্রপাতি ক্রয়<br>(ক) গভীর/অগভীর নলকূপ<br>(খ) এল এল পি<br>(গ) হস্তচালিত নলকূপ/ওয়াটার পাম্প/ট্রেডল পাম্প।<br>(ঘ) পাওয়ার টিলার<br>(ঙ) ট্রাক্টর<br>(চ) ফসল কাটা ও মাড়াইয়ের যন্ত্র<br>(ছ) অন্যান্য কৃষি যন্ত্রপাতি<br><br>২.২। প্রাণিসম্পদ উন্নয়ন<br>ক) হালের গরূ /মহিষ পালন<br>খ) প্রাণিসম্পদ উন্নয়ন<br>(১) গরূ মোটাতাজাকরণ<br>(২) দুগ্ধ খামার<br>(৩) ছাগল/ ভেড়ার খামার<br>গ) হাঁস/ মুরগি খামার (পোলট্রি)<br>ঘ) কেঁচো কম্পোস্ট সার।<br><br>২.৩। কৃষি যন্ত্রপাতি<br>ক) পাওয়ার টিলার<br>খ) ট্রাক্টর<br>গ) ফসল কাটা ও মাড়াইয়ের যন্ত্র<br>ঘ) অন্যান্য কৃষি যন্ত্রপাতি<br><br>২.৪। নার্সারী ও উদ্যানভিত্তিক ফসল (আনারস, বাউফল, ওয়েল পাম ইত্যাদি)।<br><br>২.৫। আয় উৎপাদনক্ষম কর্মকান্ড<br><br>২.৬। গ্রামীন পরিবহন (নৌকা, রিক্সা, ভ্যান ইত্যাদি)<br>২.৭। মৎস্য সম্পদ উন্নয়ন (অনুচ্ছেদ ১.২ এর উপখাত) |